

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

ADC Re-Poll :

এডিসি নির্বাচনে আজ তিনটি আসনের চারটি ভোট কেন্দ্রে সকাল ৭ টা থেকে পুনরায় ভোট গ্রহন শুরু হয়েছে। ভোট কেন্দ্রগুলি হল পেকুয়ারজলা-জন্মেজয়নগর কেন্দ্রের হীরাপুর এস.বি. স্কুল, কুলাই-চাম্পাহাওর কেন্দ্রের ভাটিময়দান এস.বি. স্কুল ও রামদেব ঠাকুর পাড়া ভোট কেন্দ্র, মহারানীপুর-তেলিয়ামুড়া কেন্দ্রে নন্দকুমার পাড়া জে. বি. স্কুল। বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহন করা হবে। রাজ্য নির্বাচন কমিশন থেকে জানানো হয়েছে, গত ১২ এপ্রিল এই ভোটকেন্দ্রগুলিতে ভোটগ্রহণ চলাকালীন সময়ের অবাধ ও সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়া ব্যাহত হয়েছিল। এই কারনেই চারটি ভোট কেন্দ্রে পুনরায় ভোট গ্রহন করা হচ্ছে। কমিশন জানিয়েছেন, ভোট গ্রহন পর্ব অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ADC Counting :

এডিসি নির্বাচনের ভোটগননা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে করার লক্ষ্যে উনকোটি জেলায় প্রশাসনিক প্রস্তুতি চলছে। উনকোটি জেলার অধীন মাছমারা আসন ও করমছড়া আসনের ভোটগননা হবে কুমারঘাট গার্লস স্কুলের গননাকেন্দ্রে। গননা কেন্দ্রে থাকবে ত্রি-স্তরীয় নিরাপত্তা বেষ্টনী। আগামী সতেরোই এপ্রিল সকাল

আটটা থেকে ভোটগণনা শুরু হবে। কুমারঘাটের এসডিএম তথা রিটার্নিং অফিসার এন,এস, চাকমা জানিয়েছেন রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে সুষ্ঠুভাবে গননাপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

Special Parlement :

সংসদের বর্ধিত বাজেট অধিবেশনের তিন দিনব্যাপী বিশেষ অধিবেশন আজ থেকে শুরু হবে। এই অধিবেশনটি চলবে ১৮ তারিখ পর্যন্ত। এর প্রধান আলোচ্য বিষয় হবে নারী শক্তি বন্দন অধিনিয়মের সাংবিধানিক সংশোধন। ২০২৩ সালে পাস হওয়া নারী শক্তি বন্দন অধিনিয়মকে কার্যকর করার পথ প্রশস্ত করতে সরকার তিনটি সংশোধনী বিল পেশ করবে, যেখানে লোকসভা ও রাজ্য বিধানসভাগুলিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণের প্রস্তাব করা হয়েছে।

President -AIIMS :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশের অগ্রগতির জন্য নাগরিকদের সুস্বাস্থ্য ব্যক্তিগত কল্যাণের মতোই গুরুত্বপূর্ণ। গতকাল নাগপুর এইমস-এর দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি তিনি বলেন, চিকিৎসা ক্ষেত্রটি শুধু একটি পেশা নয়, এটি সংবেদনশীলতার সঙ্গে মানবসেবার একটি পথ। গত দশকে, ভারত সরকার নাগরিকদের সুস্থ রাখা এবং তাঁদের পূর্ণ সামর্থ্য অনুযায়ী দেশ গঠনে অবদান রাখার সুযোগ নিশ্চিত করতে একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। গ্রামীণ ও শহরাঞ্চলের স্বাস্থ্যসেবা সুবিধার বৈষম্য দূর করতে এবং সবাইকে গুণমানসম্মত স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে প্রযুক্তিগত উন্নয়নকে কাজে লাগানো উচিত বলে রাষ্ট্রপতি অভিমত ব্যক্ত করেন।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় সম্রাট চৌধুরীকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, শ্রী চৌধুরীর কর্মশক্তি, জনসেবার প্রতি নিষ্ঠা এবং তৃণমূল স্তরের অভিজ্ঞতা রাজ্যের জন্য অত্যন্ত উপকারী প্রমাণিত হবে। তার নেতৃত্ব জনগণের আকাঙ্ক্ষা পূরণের পাশাপাশি বিহার সর্বাঙ্গীণ উন্নয়নের নতুন উচ্চতায় পৌঁছাবে।

ADC-Counting Preparation :

এডিসির বীরচন্দ্র-কলসী আসনের ভোটগননা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল শান্তিরবাজার মহকুমা শাসকের অফিস ও রাজনৈতিক দলগুলির সমর্থকদের জমায়েতের স্থানগুলি পরিদর্শন করেন রাজ্য পুলিশের আইজি(আইন-শৃংখলা)মনচাক ইঞ্জার। জেলা পুলিশ সুপার মোর্চ্য কৃষ্ণ চন্দ্রশেখর, মহকুমা পুলিশ আধিকারিক বাপী দেববর্মা সহ বিভিন্ন পুলিশ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

SASB :

চলতি বছরের অমরনাথ যাত্রার জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। সারা দেশের ৫৫৪টি নির্দিষ্ট ব্যাঙ্ক শাখার পাশাপাশি অনলাইন মাধ্যমেও পুণ্যার্থীরা রেজিস্ট্রেশন করতে পারবেন। পুণ্যার্থীদের আগে থেকে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পরামর্শ দেওয়া হয়েছে, যাতে যাত্রাপথে কোনও অসুবিধা না হয়।

কর্তৃপক্ষ আশা করছে, এবছরও বিপুল সংখ্যক ভক্ত অমরনাথ যাত্রায় অংশ নেবেন।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই, পশ্চিম ও উনকোটি জেলাতে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ ডিগ্রি সেলসিয়াস।
